জীবননগরে বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ

জীবননগর উপজেলায় বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করা হয়েছে। উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন বই বিতরণ করা হয়েছে।

সারাদেশের ন্যায় জীবননগর উপজেলার ৭১টি প্রাথমিক, ৩২টি কিন্ডার গার্টেন ও ৭টি এবতেদায়ী মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে ৯৫% ব্ই বিতরণ করা হয়েছে। এছাড়াও উপজেলার মাধ্যমিক পর্যায়ে ২৩টি মাধ্যমিক বিদ্যালয় ও ৭টি মাদ্রসা ও একটি টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষার্থীদের মাঝে নতুন বিতরণ করা হয়েছে।

জীবননগর থানা সরকারি পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক যাদব কুমারে সভাপতিত্বে বই বিতরণী অনুষ্ঠানে জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে নতুন বই বিতরণ করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা অফিসার আমজাদ হোসেন, উপজেলা মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার সৈয়দ আব্দুল জব্বার, অভিভাবক ও শিক্ষকবৃন্দ।

কার্পাসডাঙ্গায় শিক্ষার্থীদের মাঝে বৃত্তি সনদ ও পুরষ্কার বিতরণ

কার্পাসডাঙ্গা ইসলামিয়া প্রি ক্যাডেট বেবী টিচিং সেন্টার কতৃক আয়োজিত সরকারি বৃত্তি সনদ ও পুরষ্কার বিতরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইসলামিয়া প্রি ক্যাডেট বেবী টিচিং সেন্টারের অত্র প্রতিষ্ঠানের পরিচালক মওলানা আব্দুর রশিদের সভাপতিত্বে আজ রবিবার সকাল ১০ সময় অনুষ্ঠানটি পরিচালিত হয়।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা প্রা: শিক্ষা অফিসার আবু হাসান ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুল করিম বিশ্বাস, জেলা কিন্ডারগার্টেন এ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক মামুন উর রশিদ, চুয়াডাঙ্গা সরকারি মহিলা কলেজ প্রভাষক জাহাঙ্গীর আলম , কার্পাসডাঙ্গা ডিগ্রি কলেজের ক্রীড়া শিক্ষক সাইফুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি মহিলা কলেজের শিক্ষক আব্দুস সালাম ।

আরো উপস্থিত ছিলেন সাবেক অবসরপ্রাপ্ত শিক্ষক সিদ্দিকুর রহমান, সাংবাদিক মেহেদী হাসান মিলনসহ অত্র প্রতিষ্ঠানের শিক্ষক শিক্ষিকা, ছাত্র ছাত্রী ও অবিভাবকবৃন্দ ।

এসময় উপস্থিত অতিথিবিন্দুরা শিক্ষার্থীদের হাতে সরকারি বৃত্তি ও সনদ তুলেদেন ।

চুয়াডাঙ্গায় শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল ও সেলাই মেশিন বিতরণ

চুয়াডাঙ্গার হিজলগাড়ী মাধ্যমিক বিদ্যালয় থেকে গতকাল বৃহস্পতিবার বিকাল ৩টার দিকে চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ও তিতুদহ ইউনিয়নের অসহায় ও দু:স্থ নারী ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল ও সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

২০২২-২৩ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় উপজেলা উন্নয়ন সহায়তা খাতের বরাদ্ধের অর্থায়নে একর্মসূচি বাস্তায়ন অনুষ্ঠানে

প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজি আলী আজগার টগর।

চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়ার সভাপতিত্বে হিজলগাড়ী মাধ্যমিক বিদ্যালয়ের আয়োজনে অনুষ্ঠাণে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে শুভেচ্ছা বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন স্বপন, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনছুর বাবু, হিজলগাড়ী মাধ্যমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সুযোগ্য সভাপতি সাইফুল আজম মিন্টু, সদর উপজেলা আ.লীগের সাবেক যুগ্নসাধারণ সম্পাদক মিজানুর রহমান টিপু, বেগমপুর ইউনিয়ন আ.লীগের সাবেক সাধারণ সম্পাদক হামিদুল্লাহ।

এছাড়াও উপস্থিত ছিলেন, দর্শনা কেরুজ সাবেক কর্মকর্তা শেখ শাহাব উদ্দিন, গড়াইটুপি ইউনিয়ন আ.লীগের সভাপতি জাহিদুল ইসলাম, আ.লীগ নেতা আব্দুল মতিন, আব্বাস আলী, ফাতুরুজ্জামান, হযরত আলী, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আ. হান্নান ছোট, বিদ্যালয় পরিচালনা কমিটির সদস্য মিল্টন বিশ্বাস, রাশিদুল হক, আওয়াল হোসেন, এনামুমুল হক, অপু সরকার প্রমুখ। বক্তব্য শেষে ইউনিয়ন দু’টির মাধ্যমিক বিদ্যালয়ের দরিদ্র ও মেধাবি শিক্ষার্থীদের মাধ্যে ১৫২টি বাইসাইকেল ও অসহায় দু:স্থ নারীদের মাঝে ৫২টি সেলাই মেশিন বিতরণ করেন প্রধান অতিথি। অনুষ্ঠানটি পরিচালনা করেন বিদ্যালয়ের সহকারি শিক্ষক সফিকুল ইসলাম।

মেহেরপুরে ৯ম ও ১০ম শ্রেণীর শিক্ষার্থীদের মাঝে ট্যাব বিতরণ

স্মার্ট বাংলাদেশ গঠনে মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে ৯ম ও ১০ম শ্রেণীর মেধাবী শিক্ষার্থীদের মাঝে ট্যাব বিতরন করা হয় হয়েছে।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসক সম্মেলন কক্ষে মাদ্রাসার

শিক্ষার্থীদের মাঝে ট্যাব বিতরণ করা হয়।

জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লিংকন বিশ্বাস, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ আব্দুল কাদির মিয়া, সিভিল সার্জন ডা: জওয়াহেরুল আনাম সিদ্দিকী, মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বি, মেহেরপুর জেলা ক্রীড়া অফিসার আরিফ আহমেদ, মেহেরপুর জেলা পরিসংখ্যান কার্যালয়ের উপপরিচালক মোঃ বসির উদ্দিন, মেহেরপুর সদর উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান লতিফুন নেছা লতা, আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, কুতুবপুর ইউনিয়নের চেয়ারম্যান সেলিম রেজা সহ বিভিন্ন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

এ সময় ১১৬ জন মাদ্রাসার শিক্ষার্থীদের মাঝে ট্যাব বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গায় শিক্ষার্থীদের মাঝে ট্যাবলেট বিতরণ

চুয়াডাঙ্গায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে সরকারি ও এমপিওভুক্ত মাধ্যমিক বিদ্যালয় এবং সমমানের মাদ্রাসায় অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের মাঝে জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্পের ট্যাবলেট বিতরণ করা হয়েছে।

সোমবার সকাল সাড়ে দশটার সময় ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ

আমিনুল ইসলাম খান বলেন,স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আধুনিক প্রযুক্তি ব্যবহারের গুরুত্ব অপরিহার্য। তারই ধারাবাহিকতায় স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে মেধাবী শিক্ষার্থীদের হাতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে ট্যাবলেট বিতরণ করা হচ্ছে। এটি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা চমৎকার একটি উদ্যোগ এটির মাধ্যমে শিক্ষার্থীরা তথ্যপ্রযুক্তির ব্যবহারে সমৃদ্ধ হবে এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অগ্রণী ভূমিকা পালন করবে। এসময় তিনি আরো বলেন এটি একটি চমৎকার উদ্যোগ তবে শিক্ষার্থীরা ইন্টারনেট ব্যবহারে নেতিবাচক কোন দিকে প্রভাব না ফেলে সেদিকে লক্ষ্য রাখার জন্য অভিভাবকদের বিশেষভাবে আহবান জানান তিনি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, চুয়াডাঙ্গা সদর উপজেলা চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা জেলা পরিসংখ্যানের উপপরিচালক(ভারপ্রাপ্ত) মোঃ শরিফুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ,শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।